



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2022

CC5-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে যে সমস্ত নদ-নদীর নাম উল্লেখ আছে তা লেখো এবং উল্লিখিত দু'টি স্থানের নাম লেখো।
- (খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের নায়কের বিবাহের ঘটক কে ছিল? তাকে তার পারিশ্রমিক হিসাবে কি কি দেওয়া হয়েছিল?
- (গ) লখীন্দরের বাসর ঘর কে, কি দিয়ে নির্মাণ করেছিল? সেটির নিরাপত্তা বিধান কিভাবে করা হয়েছিল?
- (ঘ) কেতকাদাস ফ্লেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে উল্লিখিত ছয়টি অপ্রধান চরিত্রের নাম লেখো।
- (ঙ) 'চৈতন্য ভাগবত' গ্রন্থটি কবে রচিত হয়? গ্রন্থটির আদি নাম কি ছিল? নাম পরিবর্তনের একটি কারণ উল্লেখ করো।
- (চ) শ্রীচৈতন্যদেবের প্রথম পত্নীর নাম কি? তাঁর সঙ্গে শ্রীচৈতন্যদেবের পরিণয় কবে হয়? তাঁদের প্রথম সাক্ষাৎ কোথায় হয়?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) কবিকঙ্কণের 'চণ্ডীমঙ্গল' কাব্যের 'বারোমাস্যা' অংশে সতীন সমস্যা কেন্দ্রিক নারীর যে মর্মবেদনা ব্যক্ত হয়েছে তা আলোচনা করো।
- (খ) মুকুন্দের 'চণ্ডীমঙ্গল' কাব্যে 'কালকেতুর ভোজন' প্রসঙ্গে যে খাদ্য তালিকা বর্ণিত তাতে কবির যে কাব্যসৌন্দর্য ব্যক্ত তা আলোচনা করো।
- (গ) কেতকাদাস ফ্লেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যের মৌলিকতা বিচার করো।
- (ঘ) 'মনসামঙ্গল' কাব্যে দেবী মনসা কর্তৃক চাঁদ সদাগরের মহাজ্ঞান হরণের অংশটির গুরুত্ব আলোচনা করো।
- (ঙ) 'চৈতন্য ভাগবত' গ্রন্থ অবলম্বনে সমকালীন নবদ্বীপের সমৃদ্ধির যে ছবি উঠে এসেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (চ) 'চৈতন্য ভাগবত' গ্রন্থে মহাপ্রভুর কাজীদলন দৃশ্যের বর্ণনা করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) কবিকঙ্কণের 'চণ্ডীমঙ্গল' কাব্যে বর্ণিত লোক উপাদান সম্পর্কে আলোচনা করো।
- (খ) কেতকাদাস ফ্লেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে বর্ণিত করুণ রসের পরিচয় দাও।
- (গ) বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবত' গ্রন্থ অনুসরণে হরিদাস মাহাত্ম্যটির পরিচয় দাও।
- (ঘ) কবি মুকুন্দের 'চণ্ডীমঙ্গল' কাব্যের পাঠ্য অংশ অনুসরণে একে 'বাঙালীর ঘরের কাব্য' বলা যায় কিনা — যুক্তিসহ আলোচনা করো।

—x—